

স্মারক নম্বর: ৪৬.০০.৪৯০০.০৪২.১৪.০৩৬.১৭.১৮৭৭

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮

০১ সেপ্টেম্বর ২০২১

বিষয়: ২০২০-২১ অর্থবছরে কুড়িগ্রাম জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় স্কিম অনুমোদন সংক্রান্ত।

সূত্র: জেলা পরিষদ, কুড়িগ্রাম এর স্মারক ৪৬.৪৭.৪৯০০.০০২.১৪.৭২২.১৯১১০৬, তারিখ: ০৫ আগস্ট ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ২০২০-২১ অর্থবছরে কুড়িগ্রাম জেলা পরিষদের অনুকূলে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ২৪.২৫ লক্ষ (চব্বিশ লক্ষ পঁচিশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১২টি স্কিম গ্রহণ করে বাস্তবায়নের অনুমোদন প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। কিন্তু, স্কিম তালিকার ক্রমিক নং-০৭ এ বর্ণিত ২.২৫ লক্ষ (দুই লক্ষ পঁচিশ হাজার) টাকায় প্রস্তাবিত স্কিমটি প্রধান নির্বাহী কর্মকর্তার বাসভবনের বর্জ নিরোধক যন্ত্র স্থাপন, বৈদ্যুতিক লাইন নির্মাণ ও স্থাপন সংক্রান্ত। উক্ত বাসভবনে বিগত ৫ বছরে কোন পূর্ত/ মেরামত কাজ করা হয়েছে কিনা, তা জানা প্রয়োজন।

২। এমতাবস্থায়, উক্ত ০১টি স্কিম ব্যতীত অবশিষ্ট ১১ (এগারো) টি স্কিম ২২.০০ (বাইশ) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো। এছাড়া, স্কিম তালিকার ক্রমিক নং- ০৭ এ বর্ণিত ২.২৫ লক্ষ (দুই লক্ষ পঁচিশ হাজার) টাকার প্রস্তাবিত বাসভবনে বিগত ৫ বছরে কোন পূর্ত/ মেরামত কাজ করা হয়েছে কিনা, তা অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী

উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

ইমেইল: lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর,  
জেলা পরিষদ, কুড়িগ্রাম

স্মারক নম্বর: ৪৬.০০.৪৯০০.০৪২.১৪.০৩৬.১৭.১৮৭৭/১(৪)

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮

০১ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ



১-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী

উপসচিব